

থোনা চিঠি  
তোমাৰ  
জন্য



# থোনা চিঠি তোমার জন্য

জুয়েনা আফসানা

স্বপ্নমণ্ডল

খোলা চিঠি তোমার জন্য

জুয়েনা আফসানা

প্রথম প্রকাশ : ফেব্রুয়ারি ২০২৪

গ্রন্থস্বত্ব : লেখক

মুদ্রণশিল্প

প্রকাশক : কাজী জোহেব

আন্দরকিল্লা, কোতোয়ালি, চট্টগ্রাম-৪০০০।

প্রচ্ছদ : পরাগ ওয়াহিদ

পরিবেশক : খড়িমাটি, কালধারা, বাতিঘর-চট্টগ্রাম।

ISBN 978-984-98211-4-4

Khola Chithi Tomar Jonno by Zwena Afsana

Cover : Porag Wahid

Date of Publication : February 2024.

Published by Kazi Zoheb on behalf of Mudronshilpo Prokashoni  
from Andarkilla, Kotwali, Chattogram-4000.

E-mail : mudronshilpo@gmail.com

**Online Distributor**

www.rokomari.com/mudronshilpo

fibonacci : 01981-789157

boinagar : 01300-295586

dhee : 01537-371856

সর্বস্বত্ব সংরক্ষিত

লেখক ও প্রকাশকের যৌথ অনুমতি ব্যতীত এই বই বা বইয়ের কোনো অংশবিশেষ ই-বুক অথবা  
অনলাইনে প্রকাশ করা যাবে না এবং কোনো যান্ত্রিক উপায় অবলম্বনে কোনোরূপ পুনরুৎপাদন বা  
প্রতিলিপি করা যাবে না। এ শর্ত লঙ্ঘিত হলে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

উৎসর্গ

শুকতারাকে...

যাকে এই গল্পের নায়িকা পৃথিবীতে সবচেয়ে বেশি  
ভালোবাসতো, আবার সবচেয়ে বেশি ঘৃণাও  
করতো। তবে ভালোবাসা আর ঘৃণার মাঝে  
বোধহয় ভালোবাসাটাই বেশি।

“পুরো পৃথিবী আমাদের জন্য তৈরিই ছিল,  
তুমি শুধু সাহস করে হাতটা ধরলেই হতো।”

মুদ্রণশিল্প

mudronshilpo



## ভূমিকা

“খোলা চিঠি তোমার জন্য” মূলত কোনো গল্পের বই নয়। নয় কোনো কবিতার বই। সম্পূর্ণ ভিন্ন এক ভাবনা থেকেই এই বইয়ের সৃষ্টি। একজন নারীর তার প্রেমিকের কাছ থেকে পাওয়া অবহেলা, অবজ্ঞা এবং পরিশেষে চূড়ান্ত বেঈমানীর ধারাবাহিক কিছু চিত্র উঠে এসেছে প্রেমিকার পাঠানো একতরফা কিছু চিঠিতে, মানে আধুনিক সময়ে যা ক্ষুদ্রবর্তা বা মেসেজ নামেই পরিচিত। এই মেসেজগুলোর সময়কাল ২০২১ সালের ১৫ জুলাই থেকে ২৫ আগস্ট।

প্রেমিককে মাসের পর মাস দেখতে না পেয়ে, কথা বলতে না পেরে, প্রেমিকার ধুঁকে ধুঁকে নিঃশেষ হতে থাকা, ছটফট করতে থাকা, নিঃশ্বাস বন্ধ হয়ে যাওয়া; সবকিছুই ফুটে উঠেছে ক্ষুদ্রবর্তার মাধ্যমে। তবে কি বইটি শুধুমাত্র প্রেমের অবহেলা আর কষ্টের?

না, একদম নয়। শেষের দিকেই বইটির আসল রহস্য। প্রথমত, এইখানে নারী চরিত্রটি শুধুমাত্র একজন প্রেমিকার চরিত্র নয়। তার রয়েছে আরো কিছু পরিচয়। বইটি পড়তে পড়তে পাঠক তা আবিষ্কার করবে। অপরদিকে, প্রেমিক চরিত্রটি থাকে অবিবাহিত এবং মধ্যবয়সী। প্রেমিকটি প্রেমিকার সাথে তথাকথিত ভাষায় ‘টাইম পাস’ করে এবং একদম শেষে ঘটে চূড়ান্ত পরিণতি। আর প্রেমিকাটি কষ্টে নীল হতে হতে হঠাৎ একদিন ঘুরে দাঁড়ায়। উপলব্ধি

করে, তাকে মাথা তুলে দাঁড়াতে হবে। নিজের জন্য না হলেও ভবিষ্যৎ প্রজন্মের জন্য।

“খোলা চিঠি তোমার জন্য” এই বইটি পড়ে অনেকেরই হয়তো নিজের জীবনের কোনো এক সময়ের কথা মনে পড়বে। কারণ, মানুষ মাত্রই ভালোবাসার জন্য ক্ষুধার্ত। পুরোটা জীবনজুড়ে মানুষ সত্যিকারের ভালোবাসার জন্য হাহাকার করে। কিন্তু, যখন সেই মানুষের কাছ থেকে আঘাত পায়, তখন পৃথিবীটা আর সুন্দর মনে হয় না। কিন্তু সময় সব ঠিক করে দেয়। একসময় মানুষটি ঘুরে দাঁড়াতে শিখে যায়। শিখে যায়, “কাউকে পাগলের মতো ভালোবাসলেও তাকে ছাড়া বেঁচে থাকা যায় খুব সুন্দরভাবে।”

আশা করি, “খোলা চিঠি তোমার জন্য” বইটি পড়ে কাউকে ছাড়াই এই পৃথিবীতে সুন্দরভাবে বেঁচে থাকার উপলব্ধিটা তৈরি হবে। মানসিকভাবে ভেঙ্গে পড়া একজন মানুষও যদি আমার এই বইটি পড়ে ঘুরে দাঁড়ানোর শক্তি সঞ্চয় করে, তবেই আমার এ বই লেখার স্বার্থকতা।

জুয়েনা আফসানা

July 15. Thursday 10:23 AM

আচ্ছা জান, সবকিছুর জন্য আমাকে মাফ করে দাও। আর কখনো তুমি কষ্ট পাও, এমন কিছুই করবো না। এবারের মতো মাফ করে দাও প্লিজ। বাড়িতে যাওয়ার আগে আমার সাথে একটু দেখা করো। আমি আজ বিকাল ৩টা থেকে শপে থাকবো, রাত পর্যন্ত। তুমি আসো প্লিজ। আমার সাথে দেখা করে যাও। তোমাকে অনেক বেশি মিস করছি। আমার মাথা খারাপ হয়ে গেছে প্রায়। প্লিজ, আমার সাথে আর রাগ করে থেকে না। চাইলে আমার সাথে আজ একসাথে লাঞ্চ করতে পারো। ভালোবাসি পাগলের মতো।

July 15. Thursday 4:56 PM

আমি শপে আছি। প্লিজ আসো। আমার সাথে একটু দেখা করো। কতদিন দেখা হয় না। বাড়ি যাওয়ার আগে আমার সাথে দেখা করে যাও।

অপরপক্ষ - মা মারা গেছে, আমি বাড়ি যাচ্ছি...



July 16. Friday 1:42 AM

তুমি কিছু খাইছো? খালি পেটে থেকে না। কিছু খেয়ে নাও। জানো, বাইরে অনেক বৃষ্টি হচ্ছে। তোমার ঐখানেও কি হচ্ছে? আমার অনেক কষ্ট হচ্ছে। মায়ের সাথে আমার আর দেখা হলো না কখনো। তুমি কিন্তু নিজেকে একদম একা ভেবো না। আমি তোমার পাশেই আছি সবসময়। তোমাকে যে আমি পাগলের মতো ভালোবাসি।

July 16. Friday 10:59 AM

পৌঁছাইছো? কিছু খেয়ে নিও। খালি পেটে থেকে না। মনটা শক্ত রেখো। আমি পাশে থাকলে তোমার হাতটা শক্ত করে ধরে রাখতাম। দূর থেকেও আমি তোমার পাশেই আছি জান। ভালোবাসি অনেক বেশি।

July 17. Saturday 12:35 AM

জানি, তোমার অনেক মন খারাপ। তুমি হয়তো একা কিছু সময় কাটাতে চাও। তাই, তোমাকে আর কল দেই নাই। কিন্তু আমি তোমার পাশেই আছি সবসময় জান। মায়ের জন্য নামাজ আর কোরআন পড়ে আমি দোয়া চাইছি আল্লাহর কাছে। তুমিও বেশি বেশি করে দোয়া পড়ে। দোয়া চাওয়াটাই এখন অনেক মূল্যবান। আর নিজেকে শক্ত রেখো জান। জানো তো, আমি তোমাকে অনেক বেশি ভালোবাসি।

July 18. Sunday 11:02 PM

তোমার মনটা মনে হচ্ছে অনেক খারাপ। মন খারাপ থাকলে নিজের আপন মানুষের সাথে কথা বললে মন অনেক হালকা হয়। এভাবে কারো সাথে কিছু না বললে, কষ্টটা আরো অনেক বেশি হয়। গত দুইদিন ধরে আমার প্রেসার খুব লো হয়ে গেছে। আজ সকালে মাথা ঘুরে পড়ে গেছি কয়েকবার। আর খুব ঘামাচ্ছিলাম। ভীষণ ভয় পেয়ে গেছিলাম। মনে হচ্ছিল, মাইল্ড স্ট্রোক। ভয় পেয়ে তখন তোমাকে কয়েকবার ফোন দিয়েছিলাম।

July 18. Sunday 11:13 AM

আমার শরীরটা খুব খারাপ। লো প্রেসার না-কি মাইল্ড স্ট্রোক, বুঝতেছি না। কাল থেকেই খুব মাথা ঘুরতেছে। উঠে দাঁড়াতে পারতেছি না। আজ সকালে খুব ঘামাচ্ছিলাম আর মাথা ঘুরে পড়ে যাচ্ছিলাম বারবার।

July 19. Monday 11:32 AM

আমার শরীরটা খুব খারাপ। আমার ফোনটা ধরো।

July 19. Monday 11:45 AM

ফোন করার জন্য থ্যাংকস। আজ ২৫ দিন পরে আমার সাথে ভালো করে ৫ মিনিট কথা বললাম। তোমার সাথে কথা না বলতে বলতেই আমি অসুস্থ হয়ে গেছি। জানরে প্লিজ, আমার সাথে অন্তত ২৪ ঘণ্টার মধ্যে ১০ মিনিট কথা বইলো প্রতিদিন। সকালে ৫ মিনিট, রাতে ৫ মিনিট। তাহলেই আমি সুস্থ হয়ে যাবো ইনশাআল্লাহ। তুমি তো জানো না, তুমি আমার অক্সিজেন। অনেক ভালোবাসি জান তোমাকে।

July 19. Monday 11:50 AM

জান, আমার তোমাকে খুব দেখতে ইচ্ছে করতেছে। মনে হচ্ছে, কতদিন তোমাকে দেখি না। ২৫ দিন তোমাকে দেখি না। সেই কাটুলী বিচের পরে আর দেখা হয় নাই। জানরে, একবার মেসেঞ্জারে ভিডিও কল দিও। তোমাকে দেখবো। তোমাকে দেখার জন্য অস্থির লাগতেছে।

July 19. Monday 11:59 AM

তোমাকে খুব বেশি দেখতে ইচ্ছে করতেছিল, তাই। শুধু ২ মিনিট দেখবো। কোনো কথা বলবো না। শুধু ২ মিনিট দেখে রেখে দিবো। তোমাকে দেখার জন্য অস্থির লাগতেছে। মনে হচ্ছে, না দেখতে পারলে ছটফট করতে করতে মরে যাবো।

July 19. Monday 11:42 PM

বলছি না, প্রতিদিন অন্তত ১০ মিনিট আমার জন্য রাখবা... রাতে ৫ মিনিট আর দিনে ৫ মিনিট। ২৪ ঘণ্টার মধ্যে ১০ মিনিট কি আমাকে দেওয়া যায় না? জানি, তোমার মন খারাপ...। অনেক টেনশনে আছো... মন খারাপটাই কি আমার সাথে শেয়ার করা যায় না? আমি তো সবার আগে তোমার বন্ধু, তাই না? আজ রাতের ৫ মিনিট কথা বলার জন্যই ফোন দিচ্ছিলাম... কথা বললে তোমার মনটাও অনেক হালকা হবে।

July 20. Tuesday 1:34 PM

ফোন যে ধরবে না, তা তো জানা কথা। তবুও অভ্যাসবশে ফোন দেই। ফোন না দিলে ভালো লাগে না। মন খারাপ লাগে। অস্থিরতা বেড়ে যায়। তাই, তুমি ফোন ধরবা না জেনেও ফোন দেই।

July 20. Tuesday 1:40 PM

তুমি মনে করো না, পৃথিবীতে শুধু তুমিই কষ্টে আর টেনশনে আছো। আমাদেরও কষ্ট লাগে, টেনশন হয়। আমরাও কিন্তু মানুষ। তবুও আমরা স্বাভাবিক থাকি। ভালোবাসার মানুষের খবর নেওয়ার জন্য ফোন দেই। ফোন না ধরলেও বেহায়ার মতো ফোন দিতে থাকি। জানো তো, ভালোবাসায় সবসময় হারতে হয়। এই হার মানেই বিজয়।

July 20. Tuesday 1:50 PM

শপে গেলে শপের ভিতরেই বসে থাকি সারাক্ষণ। কারো সাথে মিশতে ভালো লাগে না। আমার গণ্ডিটা আমি খুব ছোট করে ফেলার চেষ্টা করছি। নিজেকে আড়াল করে ফেলছি। কেন জানি, এরকমই খুব ভালো লাগছে।

July 20. Tuesday 4:52 PM

আমি শপে। খুব পেট ব্যথা করছে, তারপরও আসলাম। কাল রাতে আমরা গরু কিনেছি। সাদা-কালো রঙের। জানো, আমি “মেরি দুনিয়া” দেখা শেষ করেছি। এখন “ডে ড্রিমারস” দেখতেছি। ১০ পর্ব পর্যন্ত দেখেছি। এইটা আমার অনেক ভালো লাগতেছে। “মেরি দুনিয়া”র চেয়েও এটা সুন্দর। জানরে, তুমি ভালো আছো তো? তোমাকে অনেক মিস করতেছি। ভালোবাসি, ভালোবাসি।

July 21. Wednesday 12:12 AM

ঈদ মোবারক জান। জানি, এবারের ঈদটা তোমাদের জন্য অনেক কষ্টের আর হাহাকার এর... তবু শক্ত রেখো নিজেকে। জানো, চিটাগাং বৃষ্টি হচ্ছে এখন। তোমাকে মিস করতেছি অনেক। তুমি কী করো? কথা কবে বলবা আমার সাথে? অনেক মিস করি তোমাকে। অনেক ভালোবাসি জান।



July 22. Thursday 2:45 AM

তোমাকে অনেক বেশি মিস করতেছি জান। পুরো ১ মাস হইছে তোমাকে দেখি না। আবার লকডাউন দিচ্ছে। পুরো দেড় মাস হবে তোমাকে দেখবো না। এতদিন তোমাকে না দেখে আমি কেমনে থাকবো? নিঃশ্বাস বন্ধ হয়ে আসতেছে। প্লিজ জান, অন্তত প্রতিদিন ১০ মিনিট হইলেও আমার সাথে কথা বইলো। আর মাঝে মাঝে আমাকে ভিডিও কল দিও। প্লিজ জান, আমাকে বাঁচাও... নাহলে আমি নিঃশ্বাস আটকে মরে যাবো। তোমাকে যে আমি পাগলের মতো ভালোবাসি।

July 22. Thursday 2:58 AM

আমার শরীরের অবস্থা ভালো না। খুবই কষ্ট হচ্ছে। আমার জন্য দোয়া কইরো। তোমাকে অনেক বেশি মিস করতেছি জান।

ভালোবাসি, ভালোবাসি, ভালোবাসি।

পাগলের মতো ভালোবাসি।

স্বার্থপরের মতো ভালোবাসি।

তুমি যে আমার অনেক ভালো স্বামী।

এই পৃথিবীর সবচেয়ে ভালো স্বামী।

আই লাভ ইউ।

গুড নাইট জান আমার।

এতগুলো চুম্বা।

তোমাকে জড়িয়ে ধরে ঘুমিয়ে যাচ্ছি।